

প/স
জাতীয় মোনাবকাল
সুমনসক, পত্রিকা, চিত্র
৩৫ লাখ টাকা প্রযোজনা
সার্ভিস ও মোবাইল কোর্স
২২/৭/২০২৪

সময় নির্ধারিত

১২২০
২২/৭/২৪

১১৭৪
১১ জুলাই ২০২৪

A/O
14.07.2024

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
shed.gov.bd

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
স্মারক নং: ৩৭.০০.০০০০.০৬৫.৩৪.০২৮.১৮.১৪৩
তারিখ: ১১ জুলাই ২০২৪

মা:মা:
১১/৭/২৪

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.৩৪.০২৮.১৮.১৪৩

২৭ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১১ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: জাতীয় শোক দিবস ২০২৪ পালন উপলক্ষে 'আমার চোখে বঙ্গবন্ধু' শীর্ষক উপজেলা, সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা), জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি'র সিদ্ধান্ত প্রতিপালন।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.৯৯.০০১.১৪.৪৬৬; তারিখ: ০৯ জুলাই ২০২৪

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগে গত ০৯ জুলাই ২০২৪ তারিখে জাতীয় শোক দিবস ২০২৪ পালন উপলক্ষে 'আমার চোখে বঙ্গবন্ধু' শীর্ষক উপজেলা, সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা), জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবন ও দর্শনকে উপজীব্য করে 'আমার চোখে বঙ্গবন্ধু' শীর্ষক এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রতিযোগিতায় সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে। এ উপলক্ষে মন্ত্রিপরিষদ বিভাগের অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী নিম্নোক্ত নির্দেশনা ও তারিখসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো:

- ক) ১৪ জুলাই ২০২৪ এর মাঝে কার্যবিবরণী/ গুলল ড্রাইভে প্রদত্ত বিজ্ঞপ্তি সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ ও বহল প্রচারের ব্যবস্থা গ্রহণ;
- খ) উপজেলা এবং সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা) এলাকার প্রতিযোগিতায় অংশ নেয়া শিক্ষার্থীগণ কর্তৃক ভিডিওচিত্র ১৪ আগস্ট ২০২৪ এর মধ্যে যথাক্রমে উপজেলা নির্বাহী অফিসার ও অভিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর নেতৃত্বাধীন কমিটির নিকট প্রেরণ এবং প্রাপ্ত ভিডিওচিত্র সমূহ মূল্যায়ন করে ১৯ আগস্ট ২০২৪ এর মাঝে জেলা পর্যায়ের বাছাই কমিটির নিকট প্রেরণ;
- গ) জেলা পর্যায়ের বাছাই কমিটি প্রাপ্ত ভিডিওচিত্র সমূহ মূল্যায়ন করে ২২ আগস্ট ২০২৪ মাঝে বিভাগীয় পর্যায়ের বাছাই কমিটি নিকট প্রেরণ;
- ঘ) বিভাগীয় পর্যায়ের বাছাই কমিটি জেলা পর্যায় থেকে প্রাপ্ত ভিডিওচিত্র সমূহ মূল্যায়ন করে ২৭ আগস্ট ২০২৪ এর মাঝে জাতীয় পর্যায়ের বাছাই কমিটি নিকট প্রেরণ করতে হবে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের মাঝে প্রতিযোগিতা আয়োজন ও মূল্যায়ন করে পরবর্তী পর্যায়ের বাছাই কমিটির কাছে প্রেরণ নিশ্চিত করার জন্য মন্ত্রিপরিষদ মহাপরিচালকের বিভাগ কর্তৃক অনুরোধ জানানো হয়েছে।

ক্রমিক নং: ০২। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগ হতে গত ০৯ জুলাই, ২০২৪ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির সভার কার্যবিবরণীর আলোকে পরবর্তী

আয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

তারিখ: ১১/৭/২৪

সি. মোমেন
১৪/০৭/২৪

জাতীয় মোনাবকাল
সুমনসক, পত্রিকা, চিত্র
প্রাপ্ত নির্দেশনার মোতাবেক প্রয়োজনীয়
ব্যবস্থা নিম্ন।
২২/৭/২০২৪